ভোরের কাগজ

41

তারিখ ... OCT. 04 1999...
পৃষ্ঠা ... কলাম ...

## শিক্ষক চাই

দক্ষিণাঞ্চলের ঐতিহ্যবাহী কলেজের মধ্যে এম এম বিশ্ববিদ্যালয় কলেজ একটি। কিন্তু এই কলেজে পদার্থ বিজ্ঞান বিভাগে শিক্ষকদের সংখ্যা খুবই সীমিত। এছাড়া ২ জন শিক্ষক বদলি হয়ে অন্যত্র চলে গেছেন। তাই এই বিভাগের ছাত্রছাত্রীরা উপযুক্ত শিক্ষাগ্রহণ করতে পারছে না। এমন কি অনেকেই ছাড়পত্র নিয়ে অন্য কলেজে ভর্তি হওয়ার সিদ্ধান্ত নিয়েছে। কিন্তু যারা অন্যত্র যেতে পারছে না তারা কি করবে? উপযুক্ত শিক্ষা না পাওয়ার কারণে রেজাল্টও ভালো হচ্ছে না।

তাই কর্তৃপক্ষের কাছে বিনীত অনুরোধ, আমাদের কলেজে পর্যাপ্ত শিক্ষক দিয়ে লেখাপড়ার সুষ্ঠু পরিবেশ তৈরি করা হোক।

সঞ্জয় বৈরাগী
পদার্থ বিজ্ঞান বিভাগ
এমএম বিশ্ববিদ্যালয় কলেজ,
যশোর-৭৪০০